# নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১১

## ২০১১ সনের ৯ নং আইন

*[২২ জুন, ২০১১]*

**২০১১ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন।**

যেহেতু ২০১১ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনাম

**১**। (১) এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১১ নামে অভিহিত হইবে।

২০১০-২০১১ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৭৭৭৯,০২,৮৫,০০০ (সাত হাজার সাতশত ঊনআশি কোটি দুই লক্ষ পঁচাশি হাজার) টাকা প্রদান

**২**। ২০১১ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যে সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৭৭৭৯,০২,৮৫,০০০ (সাত হাজার সাতশত ঊনআশি কোটি দুই লক্ষ পঁচাশি হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

নির্দিষ্টকরণ

**৩**। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১১ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

## তফসিল
## (ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরী নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | রাষ্ট্রপতির কার্যালয় | ২,০৭,৬৭ | ০ | ২,০৭,৬৭ |
| ০১ | জাতীয় সংসদ | ৬,৪০,২১ | ১৪,৪৩,০০ | ২০,৮৩,২১ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ২০৩,০৮,০১ | ২০৩,০৮,০১ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ১৯৩,৯৩,৬০ | ১৯৩,৯৩,৬০ |
| ০৬ | সরকারি কর্ম কমিশন | ২,৫০,৯৩ | ৫,০০,০০ | ৭,৫০,৯৩ |
| ১০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ০ | ৫১,১০,২৯ | ৫১,১০,২৯ |
| ১৩ | পরিসংখ্যান বিভাগ | ০ | ১২৪,৮৯,৬৫ | ১২৪,৮৯,৬৫ |
| ১৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১৫,৫২,৮৩ | ১৫,৫২,৮৩ |
| ১৬ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | -৯০০,০০ | ২৩২,৫৬,১২ | ২২৩,৫৬,১২ |
| ১৭ | আইন ও বিচার বিভাগ | ০ | ৫৯,৫৩,৭৩ | ৫৯,৫৩,৭৩ |
| ১৮ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ৭৬৫,৬৩,৯১ | ৭৬৫,৬৩,৯১ |
| ১৯ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ৭,৬৫,৫৫ | ৭,৬৫,৫৫ |
| ২১ | শিক্ষা মন্ত্রণালয় | ০ | ২৯০,৩৩,৪৭ | ২৯০,৩৩,৪৭ |
| ২৭ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ৩০,৫৩,৬৪ | ৩০,৫৩,৬৪ |
| ২৮ | তথ্য মন্ত্রণালয় | ০ | ২০,৬৮,৯৭ | ২০,৬৮,৯৭ |
| ২৯ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২২,৪৬,৭০ | ২২,৪৬,৭০ |
| ৩১ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ৪৯,৬৩,৪৫ | ৪৯,৬৩,৪৫ |
| ৩৫ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ৩৯,২৩,৪৩ | ৩৯,২৩,৪৩ |
| ৩৬ | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ১৫৪,৯৫,৭০ | ১৫৪,৯৫,৭০ |
| ৩৭ | কৃষি মন্ত্রণালয় | ০ | ১৬৯৭,১৬,৯২ | ১৬৯৭,১৬,৯২ |
| ৪০ | ভূমি মন্ত্রণালয় | ০ | ১৩,৬৪,৩৮ | ১৩,৬৪,৩৮ |
| ৪১ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ৮৪,৮৪,৩৮ | ৮৪,৮৪,৩৮ |
| ৪২ | খাদ্য বিভাগ | -২৬১,৯৫ | ১৯০১,৮৮,৬৯ | ১৮৯৯,২৬,৭৪ |
| ৪৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | ০ | ৪২২,৫৯,১৫ | ৪২২,৫৯,১৫ |
| ৪৪ | সড়ক ও রেলপথ বিভাগ | ০ | ২২৫,৭০,৬৩ | ২২৫,৭০,৬৩ |

| মঞ্জুরী নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৭ | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | ০ | ৩০,৮৫,৬৮ | ৩০,৮৫,৬৮ |
| ৪৯ | বিদ্যুৎ বিভাগ | ০ | ৯৮৬,৯৮,১৫ | ৯৮৬,৯৮,১৫ |
| | সুপ্রীমকোর্ট | ১৯,৮৫,০০ | ০ | ১৯,৮৫,০০ |
| ৫০ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৩৪,৭৬,৭০ | ৩৪,৭৬,৭০ |
| ৫১ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৭৬,১৬,৫৩ | ৭৬,১৬,৫৩ |
| ৫২ | দুর্নীতি দমন কমিশন | ০ | ৩,৯৭,৭৩ | ৩,৯৭,৭৩ |
| | **মোট মঞ্জুরী ও বরাদ্দের দাবী** | **১৯,২১,৮৬** | **৭৭৫৯,৮০,৯৯** | **৭৭৭৯,০২,৮৫** |